দৈনিক সংবাদ
দৈনিক সংবাদ
তারিখ 2 1 MAR 1992
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

210

# ক্যাম্পাসে সন্ত্রাসীদের গুলি স্কুলছাত্র ইদ্রিস নিহত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল শুক্রবার ঢাকা বিশ্ব-বিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাসীদের গুলিতে একজন স্কুলছাত্র নির্মমভাবে নিহত হয়।

নিহত স্কুল ছাত্রটির নাম ইদ্রিস আলী, বয়স ১৭ বছর। তার পিতার নাম জয়নাল আবেদীন। মগবাজার টিএণ্ডটি স্কুলের ছাত্র ইদ্রিসের বাসা উত্তরার আজমপুরে।

প্রত্যক্ষদর্শীরা জানান, রাত পৌনে ৮ টায় জিয়া হল ও সূর্যসেন হলের মধ্যবর্তী সড়কে ইদ্রিস গুলিবিদ্ধ হয়। তার বুকের ডানপাশে গুলি লাগে। জিয়া হল থেকে ছোড়া গুলিতে সে মারা যায় বলে প্রত্যক্ষদর্শীরা জানান।

ইদ্রিস সম্ভবতঃ তার পরিচিত কোন ছাত্রের সাথে ক্যাম্পাসে দেখা করতে এসেছিল এবং দেখা করার পর

ক্যাম্পাস : পৃঃ ৭ কঃ ৩

## ক্যাম্পাস : ছাত্র নিহত

(১ম পাতার পর)

ঐ রাস্তা দিয়ে সে হেঁটে যাচ্ছিল।

গুলি বুকে লাগার পর ইদ্রিস মাটিতে লুটিয়ে পড়ে। কিছু সময় রাস্তার উপর ইদ্রিসের গুলিবিদ্ধ দেহ ছটফট করতে দেখা যায়। ৩ জন ছাত্র এ খবর উপাচার্যকে জানালে রাত সোয়া ৮টার দিকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়ার আগেই ইদ্রিসের মৃত্যু ঘটে।

একজন স্কুলছাত্রকে এ রকম নির্মমভাবে কেন গুলি করা হয়েছে অথবা কে বা কারা গুলি করেছে তার বিস্তারিত কোন কারণ জানা যায়নি।

নিহত ইদ্রিসের লাশ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল মর্গে রয়েছে। এ রিপোর্টে লেখা পর্যন্ত পরিবারের কেউ তার মৃত্যুর খবর জানতে পারেনি।